



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৪৫.০০১.২৩/৫৫

তারিখ: ১৫ মার্চ ২০২৩

অফিস আদেশ

বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.২২/৩২৬, তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩ এর মাধ্যমে গঠিত কমিটি নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলো:

কমিটি :

- |   |             |
|---|-------------|
| ১. জনাব হাওলাদার ওহিদুল ইসলাম, মহাব্যবস্থাপক (ভূপদার্থ), ভারপ্রাপ্ত               | -আহবায়ক    |
| ২. জনাব মোঃ জহুরুল ইসলাম, ব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), প্ল্যানিং এন্ড আইসিটি বিভাগ | -সদস্য সচিব |
| ৩. জনাব মোহাম্মদ মঈনুদ্দিন আহমেদ, ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), হিসাব ও অর্থ বিভাগ   | -সদস্য      |
| ৪. বেগম আসমী আরা পারভীন, ব্যবস্থাপক (প্রশাসন), সংস্থাপন উপবিভাগ                   | -সদস্য      |
| ৫. জনাব মোঃ তারিকুল আলম ভূইয়া, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক বিভাগ          | -সদস্য      |

কমিটির করণীয়:

- ক. কমিটি বাপেক্স এর প্রতিশ্রুত সেবাসমূহ নাগরিকসেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা হিসেবে চিহ্নিতপূর্বক সরকার কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) নির্দেশিকা অনুসরণে বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সময়ে সময়ে হালনাগাদ করবে;
- খ. কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতি অর্থবছরে বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা যাচাই করবে। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগণ এ বিষয়ে পরীক্ষণ কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;
- গ. কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সময়ে সময়ে সরকারের জারিকৃত নির্দেশনার আলোকে বাপেক্স এর জন্য প্রয়োজ্য সকল ধরনের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে;
- ঘ. কমিটি বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সম্পর্কিত রিপোর্ট প্রতি কোয়ার্টারে (তিনমাস পরপর) পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যক্রমের 'ফোকাল পয়েন্ট কর্মকর্তা'র নিকট প্রেরণ করবে এবং এর অনুলিপি মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি), বাপেক্স বরাবর প্রেরণ করবে;
- ঙ. পরিবীক্ষণ কমিটির আহবায়ক এবং সদস্য সচিব বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের যথাক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ আসাদ উল্লাহ)

মহাব্যবস্থাপক (প্রশাসন), ভারপ্রাপ্ত

বিতরণ:

১. কমিটির আহবায়ক/সদস্য সচিব/সদস্য জনাব ..... বাপেক্স, ঢাকা।

অনুলিপি:

১. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..... বাপেক্স, ঢাকা।
২. উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস), পরিকল্পনা ও আইসিটি বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
৩. ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
৪. অফিস কপি।